রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মার্চ ২০, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**বিদ্যুৎ বিভাগ**

**সমন্বয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/১৪ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৫৮-আইন/২০১৭।**―গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :―

১। **শিরোনাম।**―এই বিধিমালা বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**―বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়―

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ কোন নির্দিষ্ট পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলে উল্লিখিত উক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;



**মূল্য ঃ** টাকা ১২.০০

(চ) **"শিক্ষানবিশ"** অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) **"সিজিপিএ (CGPA)"** অর্থ Cumulative Grade Point Average; এবং

(জ) **"স্বীকৃতি বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "ইনস্টিটিউট" বা "প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**৩। নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

**৪। সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাছাই বা নির্বাচন কমিটি, লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে, সুপারিশ প্রণয়ন করিবে।

(৪) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৬) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণি হইতে ২য় শ্রেণি অথবা ২য় শ্রেণি হইতে ১ম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশির স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২(দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১(এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট শিক্ষানবিশের চাকরির অবসার ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে তাহার চাকরি স্থায়ী করিবে, অথবা

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন বা প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এতদ্দ্বারা Officers and Staff (Department of Electrical Adviser and Chief Electric Inspector) Recuirtment Rules, 1985, অতঃপর রহিতকৃত Rules বলিয়া উল্লিখিত, রহিত করা হইল।

(২) এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে উক্ত রহিতকৃত Rules এর অধীন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ, পদোন্নতি, স্থায়ীকরণ, চাকরি সংক্রান্ত চুক্তি এবং শর্তাবলী বিষয়ে গৃহীত যে কোন কার্যক্রম বা ব্যবস্থা এই বিধিমালার অধীন গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) রহিতকৃত Rules এর অধীন গৃহীত বা কৃতকার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃতকার্য বলিয়া গণ্য হইবে।

(৪) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, এই বিধিমালা জারির অব্যবহিত পূর্বে রহিতকৃত Rules এর অধীন গৃহীত কোন কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রিধারী সরকারের কোন সংস্থার সমবেতন ও সমস্কেলভুক্ত কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ২। | সিনিয়র ইলেকট্রিক ইন্সপেক্টর (সিনিয়র বিদ্যুৎ পরিদর্শক) | অনূর্ধ্ব ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং সরাসরি নিয়োগের মাধ্যমে পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ইলেকট্রিক ইন্সপেক্টর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রিধারী;<br>(খ) যে কোন সরকারি অথবা আধা-সরকারি সংস্থায় অন্যূন ০৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(গ) বিদ্যুৎ সংশ্লিষ্ট আইন এবং সংশ্লিষ্ট বিধি ও প্রবিধান সম্পর্কে বাস্তব জ্ঞান; এবং<br>(ঘ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **প্রেষণে বদলীর মাধ্যমে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রিধারী; সরকারের কোন সংস্থার সমবেতন ও সমস্কেলভুক্ত পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৩। | ইলেকট্রিক ইন্সপেক্টর (বিদ্যুৎ পরিদর্শক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** এ্যাসিস্ট্যান্ট ইলেকট্রিক ইন্সপেক্টর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রিধারী; (খ) উপকেন্দ্র স্থাপন, ইলেকট্রিক্যাল টেস্টিং, জেনারেশন ট্রান্সমিশন এবং ব্যবহারের উপর অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং (ঘ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ৪। | সহকারী পরিচালক (প্রশাসন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রি বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ৫। | এ্যাসিস্ট্যান্ট ইলেকট্রিক ইন্সপেক্টর (সহকারী বিদ্যুৎ পরিদর্শক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ প্রথম বিভাগে উত্তীর্ণ বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত;<br>(খ) উপকেন্দ্র স্থাপন, ইলেকট্রিক্যাল টেস্টিং, জেনারেশন ট্রান্সমিশন এবং ব্যবহারের উপর অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ৬। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) পরিসংখ্যানবিদ পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরি বা প্রধান সহকারী পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) হিসাব রক্ষক পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ৮। | পরিসংখ্যানবিদ (স্ট্যাটিসটিশিয়ান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>প্রধান সহকারী পদে অন্যূন ০৩ (তিন) বৎসর অথবা উচ্চমান সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি যে কোন একটি বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ৯। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) উচ্চমান সহকারী বা সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ১০। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহকারী বা অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ১১। | সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর/ সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | "The Stenographers and Steno-typists (Ministries, Divisions & Attached Department) Recruitment Rules, 1978" অনুযায়ী। তবে প্রযোজ্য ক্ষেত্রে, "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" এর তফসিলে বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে। | | |
| ১২। | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) হিসাব সহকারী পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ১৩। | অফিস সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারের দক্ষতা নির্ণয়ের জন্য "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রক্ষরিক কাম অফিস |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" এর তফসিলে বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে। |
| ১৪। | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী | "নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেচপাস রাইডার, দপ্তরী ও অফিস সহায়ক (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তরসমূহ) নিয়োগ বিধিমালা, ১৯৯৩" অনুযায়ী। তবে প্রযোজ্য ক্ষেত্রে, "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" এর তফসিলে বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে। | | |
| ১৫। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | "নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেচপাস রাইডার, দপ্তরী ও অফিস সহায়ক (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তরসমূহ) নিয়োগ বিধিমালা, ১৯৯৩" অনুযায়ী। তবে প্রযোজ্য ক্ষেত্রে, "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" এর তফসিলে বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে। | | |
| ১৬। | হিসাব সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হিসাব সংক্রান্ত কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ১৭। | গাড়ী চালক | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ১৮। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯ | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sorucing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| ২০ | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sorucing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আহমদ কায়কাউস**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd